



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

রেজিস্ট্রেশন শাখা

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

Website: [www.bteb.gov.bd](http://www.bteb.gov.bd)

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নং-বাকাশিবো/প্রঃ(রেজিঃ)/(ভোক)/২০১৭/১৪৮

তারিখঃ ২২/০২/২০১৭ খ্রিঃ

**বিজ্ঞপ্তি**

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রম পরিচালনাকারী সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে জানানো যাচ্ছে যে, ২০১৭শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের নিবন্ধনের জন্য Online এ রেজিস্ট্রেশন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এমতাবস্থায়, আপনার প্রতিষ্ঠানে ভর্তিকৃত শিক্ষার্থীদের প্রয়োজনীয় তথ্য [www.bteb.gov.bd](http://www.bteb.gov.bd) ওয়েব সাইটের মাধ্যমে আপনার প্রতিষ্ঠানের গোপন নম্বর দিয়ে আগামী ২৭/০২/২০১৭ হতে ৩১/০৩/২০১৭ তারিখের মধ্যে Online এ ডাটা এন্ট্রি সম্পন্ন করে প্রিন্ট আউট কপি রেজিস্ট্রেশন ফিসহ বোর্ডে দাখিল করতে হবে।

রেজিস্ট্রেশন ফি ১৩০.০০ (একশত বিশ) টাকা, ক্রীড়া ফি ৩০.০০ (ত্রিশ) টাকা, রোভার স্কাউট/গার্লস গাইড ফি ১৫.০০ (পনের) টাকা, রেড ক্রিসেন্ট ফি ০৮.০০ (আট) টাকা, বিজ্ঞান ও প্রযুক্তি ফি ৭.০০ (সাত) টাকা, আবেদনপত্র বিক্রির (ভর্তিকৃত শিক্ষার্থী) ৩০.০০ টাকাসহ সর্বমোট ২২০.০০ (দুইশত বিশ) টাকা প্রতি শিক্ষার্থীর নিকট হতে আদায় করে একটি ব্যাংক ড্রাস্ট করতে হবে। জেএসসি পাশের মূল নম্বরপত্র/ অষ্টম শ্রেণী পাশের নম্বর পত্র, অনলাইন থেকে সংগ্রহকৃত প্রিন্ট কপি (Hard copy) এবং ব্যাংক ড্রাস্ট নিম্নে বর্ণিত সময়সূচি মোতাবেক বোর্ডে দাখিল করতে হবে। ব্যাংক ড্রাস্ট সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড-এর অনুকূলে সোস্যাল ইসলামী ব্যাংক লিঃ, বেগম রোকেয়া স্মরণি, আগারগাঁও, ঢাকা/সোনালী ব্যাংক লিঃ, আগারগাঁও শাখা, ঢাকা তে উত্তোলনযোগ্য হতে হবে। উল্লেখ্য প্রতিটি ট্রেড এর জন্য আসন সংখ্যা ডপআউটসহ সর্বোচ্চ ৪০ জন।

**উল্লেখ্য, পূর্বের নিয়মে অনলাইনে রেজিস্ট্রেশন নতুন করে শুরু করতে হবে, সে মোতাবেক সার্ভার খোলা থাকবে।**

**বিভাগ ভিত্তিক প্রিন্ট আউট কপি ও ব্যাংক ড্রাস্ট জমা দেয়ার সময়সূচিঃ**

ক্রমিক নং	বিভাগ	প্রিন্ট আউট হার্ডকপি ও ডিডি বোর্ডে জমা দেয়ার তারিখ	প্রতিষ্ঠানের ব্যাংক ড্রাস্ট করার সর্বশেষ তারিখ
০১	রংপুর	০৩/০৪/২০১৭	০২/০৪/২০১৭ তারিখ থেকে শুরু করে নির্দিষ্ট জেলা/বিভাগের প্রিন্ট কপি জমা দেওয়ার তারিখ পর্যন্ত সময়ে ডিডি করা যাবে।
০২	রাজশাহী	০৪/০৪/২০১৭	
০৩	খুলনা	০৬/০৪/২০১৭	
০৪	বরিশাল	০৯/০৪/২০১৭	
০৫	সিলেট	১১/০৪/২০১৭	
০৬	চট্টগ্রাম	১৩/০৪/২০১৭	
০৭	ঢাকা	১৬/০৪/২০১৭	

**বিশেষ দৃষ্টব্যঃ**

- যে সব শিক্ষা প্রতিষ্ঠান ২৭-০২-২০১৭ তারিখ হতে ছাত্রদের রেজিস্ট্রেশনের কার্যক্রম সম্পূর্ণ বা আংশিক সম্পন্ন করেছেন, তাদেরকেও পুনরায় নতুন ভাবে ওয়েব সাইটের মাধ্যমে রেজিস্ট্রেশনের কার্যক্রম সম্পন্ন করতে হবে।
- বোর্ড কর্তৃক নির্ধারিত তারিখে প্রিন্টকৃত copy ব্যাংক ড্রাস্ট সহ বোর্ডে প্রেরণের সময় ফরোয়ার্ডিং চিঠির মধ্যে নিম্নের ছক পূরণ করতে হবে।

ক্রমিক নং	শিক্ষাক্রম	ট্রেড	অনুমোদিত আসন সংখ্যা	ভর্তিকৃত শিক্ষার্থীর সংখ্যা

- ট্রেড ভিত্তিক অনুমোদন প্রাপ্তির চিঠির ফটোকপি (অ্যাফিলিয়েশন) সংযুক্ত করতে হবে।
- Hard copy বোর্ডে জমা দেয়ার সময় ২০১৬-১৭ অর্থবছর পর্যন্ত অ্যাফিলিয়েশন ফি পরিশোধের প্রমাণপত্র দাখিল করতে হবে।
- Hard copy বোর্ডে জমা দেয়ার সময় ভর্তিকৃত শিক্ষার্থীদের জেএসসি ও জেডিসি পাশের মূল নম্বরপত্র/ অষ্টম শ্রেণী পাশের নম্বর পত্র বোর্ডে জমা দিতে হবে।
- বোর্ড কর্তৃক নির্ধারিত তারিখে 'Hard copy' সঠিক সময়ে বোর্ডে জমা দিতে ব্যর্থ হলে জরিমানা প্রদান বাধ্যতামূলক এবং জরিমানার অর্থ প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে, এর জন্য শিক্ষার্থীদের উপর অতিরিক্ত কোন ফি ধার্য করা যাবে না।
- রেজিস্ট্রেশন সংক্রামত তথ্যাদি বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের নিজস্ব ওয়েব ([www.bteb.gov.bd](http://www.bteb.gov.bd)) সাইটেও দেখা যাবে।

*নিজাম উদ্দিন*

১৫/০৩/২০১৭

(মোঃ নিজাম উদ্দিন)

উপ-সচিব (রেজিঃ)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯১৩৩৪৮৪

স্মারক নং-বাকাশিবো/প্রঃ(রেজিঃ)/(ভোক)/ ২০১৭/১৪৮(১২)

তারিখঃ ২২/০২/২০১৭ খ্রিঃ

সদয় অবগতি ও যথাযথ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্র/এ, ঢাকা-১২০৭।

০২। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

০৩। পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

০৪। পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

০৫। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

০৬। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

(অত্র বিজ্ঞপ্তি ওয়েব সাইটে প্রচার করার জন্য আপনাকে অনুরোধ জানানো হলো)।

০৭। কারিকুলাম বিশেষজ্ঞ (এসএসসি ভোক), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

০৮। সহকারি পরীক্ষা নিয়ন্ত্রক (সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

০৯। অধ্যক্ষ/ প্রধান শিক্ষক/সুপার/প্রতিষ্ঠান প্রধান.....

১০। সহকারি হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (ফি গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো)।

১১। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১২। সংশ্লিষ্ট নথি।

নিজাম উদ্দিন

১৫/০৩/২০১৭

(মোঃ নিজাম উদ্দিন)

উপ-সচিব (রেজিঃ)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯১৩৩৪৮৪